

বঙ্গবন্ধুর দর্শন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাজেট শাখা-০২
www.rdcd.gov.bd

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩৬.২০.০৬৫.২০-০১

তারিখঃ ১৯ পৌষ ১৪২৭ / ০৩ জানুয়ারি ২০২১

বিষয়ঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/প্রকল্পসমূহের ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) পর্যালোচনার নিমিত্ত গত ৩১.১২.২০২০ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/প্রকল্পসমূহের ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) পর্যালোচনার নিমিত্ত গত ৩১.১২.২০২০ তারিখ বাজেট ব্যবস্থাপনা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

০৬.০১.২০২১
(নূরুন নাহার)
উপসচিব
ফোনঃ ৯৫৫৫০১৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

০১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-১২)।
০২। বিভাগ প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা {দৃ: আ: উপ-প্রধান (পল্লী প্রতিষ্ঠান উইং)}।
০৩। মহাপরিচালক(গ্রেড-১), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
০৪। প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এলিফেন্ট রোড, ঢাকা।
০৫। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট/পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
০৮। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
০৯। মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
১০। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ, তেজগাঁও, ঢাকা।
১১। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রুপনগর, মিরপুর-২, ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
১৩। প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি-৩য় পর্যায়, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
১৪। যুগ্মসচিব (প্রশাসন)/(পরিকল্পনা), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। উপ-সচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
১৮। সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-১/পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১, এ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
২০। হিসাবরক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন ও সমবায় ফেডারেশন, ২২ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাজেট শাখা- ২
www.rdcd.gov.bd

বিষয়ঃ **পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) প্রণয়নের লক্ষ্যে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।**

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) প্রণয়নের লক্ষ্যে গত ৩১.১২.২০২০ তারিখ দুপুর ১২.৩০ ঘটিকায় বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ রেজাউল আহসান। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-ক সদয় দ্রষ্টব্য।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি এ বিভাগের উপসচিব (বাজেট) কে সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য বলেন। এ বিভাগের উপসচিব (বাজেট) সভায় বলেন যে, অর্থ বিভাগ কর্তৃক গত ১৫-১২-২০২০ তারিখে মধ্যমেয়াদী বাজেট কাঠামো পদ্ধতির আওতাভুক্ত মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) প্রণয়নের জন্য পরিপত্র জারী করা হয়েছে। জারীকৃত পরিপত্র অনুযায়ী আগামী ০৫-০১-২০২১ তারিখের মধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) অর্থ বিভাগের নির্ধারিত ছকে প্রণয়ন এবং iBAS^{++} সিস্টেমে এন্ট্রি সম্পন্নপূর্বক অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। অর্থ বিভাগের বাজেট পরিপত্রের প্রেক্ষিতে এ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/প্রকল্পসমূহের ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) এ বিভাগে পাওয়া গেছে। তিনি এ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/প্রকল্পসমূহ হতে প্রাপ্ত ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) সভায় উপস্থাপন করেন **(পরিশিষ্ট-খ)**।

৩। সভায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন পর্যালোচনার নিমিত্ত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থিত অর্থ বিভাগের প্রতিনিধি বলেন যে, চলতি অর্থবছরের মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার (পরিচালন ও উন্নয়ন) মধ্যে সংকুলানযোগ্য হতে হবে। সংশোধিত বাজেটে কোন ভাবেই বেতন ভাতা খাত ছাড়া অন্য কোন খাতে অতিরিক্ত বাজেট বরাদ্দের দাবী করা যাবে না। অর্থ বিভাগ কর্তৃক গত ০৩.১২.২০২০ তারিখে জারিকৃত পরিপত্র অনুযায়ী পরিচালন ও উন্নয়ন ব্যয়ের আওতায় সকল প্রকার নতুন/প্রতিস্থাপক হিসেবে যানবাহন ক্রয় আগামী ৩০ জুন ২০২১ পর্যন্ত স্থগিত থাকবে বিধায় এ খাতে কোন বরাদ্দ রাখা যাবে না এবং এ খাতে বরাদ্দকৃত অর্থ অন্য কোনো খাতে স্থানান্তর করা যাবে না। তাছাড়া, ভ্রমণ ব্যয় খাতে বরাদ্দকৃত অর্থের ৫০% স্থগিত থাকবে এবং সে সাথে এ খাতের অব্যয়িত অর্থ অন্য কোনো খাতে কোনোক্রমেই স্থানান্তর করা যাবে না।

৪। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উপসচিব (বাজেট) সভায় উল্লেখ করেন যে, সচিবালয় অংশে পরিচালন বাজেটে ২০২০-২১ অর্থ বছরে ৫৫.৮৬ লক্ষ টাকা থোক বরাদ্দসহ মোট ১৭৭৬.৪৬ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। সংশোধিত বাজেটে উক্ত থোক বরাদ্দ হতে মোট ৩৪.৮৫ লক্ষ টাকা প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের টেলিফোন নগদায়ন ভাতা ও মোবাইল/সেল ফোন ভাতা, প্রতিমন্ত্রী মহোদয়ের ব্যক্তিগত কর্মচারী ও দাপ্তরিক কাজে নিয়োজিত শ্রমিকদের মজুরী পরিশোধের নিমিত্ত সাকুল্য বেতন, মামলা পরিচালনার জন্য বেসরকারি আইনজীবির ফি পরিশোধের নিমিত্ত আইন সংক্রান্ত ব্যয়, দাপ্তরিক কম্পিউটার মেরামত ও সংরক্ষণ, প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের মোটরযান রক্ষণাবেক্ষণ ব্যয়, কম্পিউটার ও আনুষংগিক খাতে, অফিস কক্ষ স্থানান্তর ও সভাকক্ষ সংস্কারের জন্য অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র ক্রয় খাতে সমন্বয়ের প্রস্তাব করা হয়েছে। তাছাড়া, নিরীক্ষা/সমীক্ষা ফি খাত হতে ৫.৫০ লক্ষ টাকা উপযোজনের মাধ্যমে ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের যাতায়াত বিল পরিশোধের নিমিত্ত ৩২৪১১০১-অভ্যন্তরীণ ভ্রমণ ব্যয় খাত সৃজনসহ এ খাতে ২.৫০ লক্ষ টাকা এবং পোষক ক্রয় খাত সৃজনসহ এ খাতে ৩.০০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। তিনি আরও বলেন যে, চলতি অর্থ বছরের সংশোধিত বাজেটে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের দলিলপত্র (১৫ খন্ড) এ বিভাগ এবং বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের অফিসে বিতরণের নিমিত্ত বই-পুস্তক ক্রয় খাতে সচিবালয় অংশে ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেটে ৫২০.০০ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। সভায় অর্থ বিভাগের প্রতিনিধি বলেন যে, চলতি অর্থবছরের সংশোধিত বাজেটে এ খাতে অতিরিক্ত বাজেট বরাদ্দের সুযোগ নেই। তবে বিষয়টি অর্থ বিভাগে অনুষ্ঠিতব্য ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন পর্যালোচনা সভায় উপস্থাপন ও আলোচনা করা যেতে পারে।

৫। সমবায় অধিদপ্তরের প্রতিনিধি বলেন যে, সমবায় অধিদপ্তরের অনুকূলে ২০২০-২১ অর্থ বছরের বাজেটে পরিচালন ব্যয় খাতে ২৮৬৩২.৮৩ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। মূল বাজেটে শূন্য পদে জনবল নিয়োগের জন্য অর্থ বরাদ্দ রাখা হয়েছিল। পল্লী উন্নয়ন

ও সমবায় বিভাগের আওতায় বাস্তবায়িত সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি-২য় পর্যায় (সিভিডিপি) প্রকল্পে নিয়োজিত জনবল মহামান্য আদালতে মামলা দায়ের করায় এবং মামলার সকল আইনী প্রক্রিয়া সম্পন্ন হওয়ায় উক্ত প্রকল্পের ৩৭ জনকে সমবায় অধিদপ্তরের রাজস্ব বাজেটে নিয়োগ প্রদান করা হয়েছে। কিন্তু করোনা ভাইরাসের প্রাদুর্ভাব পরিস্থিতিতে সমবায় অধিদপ্তরের রাজস্ব বাজেটের শূন্য পদে জনবল নিয়োগ প্রদান সম্ভব না হওয়ায় এ বেতন-ভাতা খাকে বেশকিছু অর্থ অব্যয়িত থাকবে। সমবায় অধিদপ্তরের জন্য সংশোধিত বাজেটে অতিরিক্ত কোন অর্থ বরাদ্দর প্রয়োজন না হলেও বেশ কিছু খাতে উপযোজন/সমন্বয়ের প্রয়োজন হবে। সভায় অর্থ বিভাগের প্রতিনিধি বলেন যে, উন্নয়ন প্রকল্পের জনবল রাজস্ব বাজেটে স্থানান্তর/নিয়োগ করা হয়ে থাকলে সে সকল জনবলের বেতন ভাতাদি রাজস্ব বাজেট হতে পরিশোধের ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্বানুমোদন নিতে হবে। সংশোধিত বাজেটে সমবায় অধিদপ্তরের পরিচালন ব্যয় খাতে অর্থ উদ্বৃত্ত হলে সে অর্থ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ব্যয়সীমার আওতায় অন্য কোন প্রতিষ্ঠানের প্রয়োজনীয় ব্যয় নির্বাহের জন্য অর্থ বিভাগের সম্মতিক্রমে স্থানান্তর করা যাবে।

৬। সভায় উল্লেখ করা হয় যে, অর্থ বিভাগ হতে গত ৮.১২.২০২০ তারিখে ৩৬৩১১০৩-পণ্য ও সেবা বাবদ সহায়তা খাতের বরাদ্দ হতে ৩০০.০০ লক্ষ টাকা ৩৬৩২১০৪- ভবন ও স্থাপনা নির্মাণ অনুদান খাতে পুনঃউপযোজনের সম্মতি জ্ঞাপন করা হয়েছে। কিন্তু বিআরডিবি হতে জানানো হয়েছে যে, বাজেট পরিপত্রে যানবাহন ক্রয় আগামী ৩০ জুন ২০২১ পর্যন্ত স্থগিত করার নির্দেশনা থাকায় ২০২০-২১ অর্থবছরে ৪১১২১০১-মোটরযান ক্রয় খাতে বরাদ্দকৃত ২০০.০০ লক্ষ ও ৩২৫৮১০৭-অনাবাসিক ভবন মেরামত খাতের বরাদ্দ হতে ১০০.০০ লক্ষ মোট ৩০০.০০ লক্ষ টাকা অনাবাসিক ভবন নির্মাণ খাতে উপযোজন করা হয়েছে। বিআরডিবি কর্তৃক ২০২০-২১ অর্থ বছরের ১ম ৩ মাসে যে ব্যয় দেখানো হয়েছে তা বাস্তবসম্মত নয়। বিআরডিবির ৩১১১৩২৬-ভ্রমণ ভাতা খাতে ২০২০-২১ অর্থবছরের মূল বাজেটে ৬০০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে অর্থ বিভাগের ১৫.১২.২০২০ তারিখের বাজেট পরিপত্র অনুসরণ করা হয়নি। মহাপরিচালক, বিআরডিবি সভায় উল্লেখ করেন যে, গোপালগঞ্জ জেলার টংগীপাড়া উপজেলায় ১টি এবং পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলায় ১টি উপজেলায় মোট ২টি উপজেলা পল্লী ভবন নির্মানের নির্দেশনা রয়েছে। কাজেই সংশোধিত বাজেটে অনাবাসিক ভবন নির্মাণ খাতে প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান করা একান্ত প্রয়োজন। তিনি সমবায় অধিদপ্তরের পরিচালন ব্যয় খাতে অর্থ উদ্বৃত্ত হওয়ার সম্ভাবনা থাকায় উক্ত উদ্বৃত্ত অর্থ হতে স্থানান্তরের মাধ্যমে বিআরডিবির অনাবাসিক ভবন নির্মাণ খাতে ৪০০.০০ লক্ষ টাকা রাখার জন্য প্রস্তাব করেন। সভায় বিস্তারিত আলোচনাক্রমে এ বিষয়টি অর্থ বিভাগে অনুষ্ঠিতব্য ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন পর্যালোচনা সভায় উপস্থাপনের সুপারিশ করা হয়।

৭। বার্ড, কুমিল্লার মহাপরিচালক সভায় উল্লেখ করেন যে, ২০২০-২১ অর্থ বছরের বাজেটে বার্ডের অনুকূলে পরিচালন ব্যয় খাতে ২৯৫৬.৮৯ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। মহামান্য হাইকোর্টের নির্দেশনার আলোকে সিভিডিপি প্রকল্পের ৭ জন কর্মচারীকে বার্ডের রাজস্ব বাজেটে নিয়োগ করায় তাদের বেতন ভাতাদি পরিশোধ, ৬ জন কর্মচারী স্বেচ্ছায় অবসর গ্রহণ ও ২ জন কর্মচারী মৃত্যুবরণ করায় তাদের ১৮ মাসের সমর্পিত ছুটির বেতন এবং সাময়িক বরখাস্তকৃত ১জন কর্মচারীকে চাকুরীতে পুনঃবহাল করায় তাদের বেতন ভাতাদি পরিশোধের নিমিত্ত ৩৮.৫০ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। সভায় অর্থ বিভাগের প্রতিনিধি উন্নয়ন প্রকল্পের জনবল রাজস্ব বাজেটে স্থানান্তর/নিয়োগ করা এবং এ সকল জনবলের বেতন ভাতাদি রাজস্ব বাজেট হতে পরিশোধের ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করা হয়েছে কিনা জানতে চান। উন্নয়ন প্রকল্পের জনবল রাজস্ব বাজেটে স্থানান্তর/নিয়োগ করার বিষয়ে অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ না করায় তিনি এ সকল জনবলের বেতন ভাতাদি রাজস্ব বাজেট হতে পরিশোধের ক্ষেত্রে অর্থ বিভাগের সম্মতির জন্য প্রস্থাব প্রেরণের অনুরোধ জানান।

৮। সভায় উল্লেখ করা হয় যে, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার জন্য ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেটে অতিরিক্ত কোন বাজেট বরাদ্দের প্রস্তাব করা হয়নি। তবে বেশ কয়েকটি খাতে বাজেট বরাদ্দ সমন্বয়ের প্রস্তাব করা হয়েছে। কোভিড-১৯ পরিস্থিতির কারণে একাডেমির কতিপয় শূন্য পদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে না পারায় বেতন বাবদ সহায়তা খাতে ৯৯.৫০ লক্ষ, ভাতাদি বাবদ সহায়তা খাতে ৬৭.৫০ লক্ষ টাকা হ্রাস করা হয়েছে। পক্ষান্তরে সাসেক সড়ক সংযোগ প্রকল্প-২ এর আওতায় ঢাকা-রংপুর মহাসড়ক প্রশস্তকরণের ফলে একাডেমীর মেইন গেট ও সম্মুখ ভাগের সীমানা প্রচীর ভাঙ্গার কার্যক্রম শুরু হওয়ায় নতুন করে মেইন গেট ও সীমানা প্রাচীর নির্মাণ কাজ ও প্রশিক্ষণ ব্যয় নির্বাহের জন্য পণ্য ও সেবা বাবদ সহায়া খাতে ১৬২.০০ লক্ষ এবং ১০টি গ্রাম-কে দারিদ্র্যশূণ্য করার লক্ষ্যে গৃহীত গবেষণা কার্য সম্পাদনের ব্যয় নির্বাহের জন্য গবেষণা অনুদান খাতে ৫৫.০০ লক্ষ টাকা বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে, যা আরডিএ, বগুড়ার মূল বাজেট বরাদ্দের মধ্যে সমন্বয় করা হয়েছে।

৯। মহাপরিচালক, বাপার্ড, গোপালগঞ্জ সভায় উল্লেখ করেন যে, ২০২০-২১ অর্থ বছরের মূল বাজেটে ৫৭০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। সংশোধিত বাজেটে বাপার্ডের জন্য অতিরিক্ত কোনো বরাদ্দের প্রস্তাব করা হয়নি। তবে বাপার্ডের ১জন পরিচালক ও ১জন সহকারী পরিচালকের পদ শূন্য থাকায় এবং ১জন যুগ্ম পরিচালককে উন্নয়ন প্রকল্পে প্রেষণে নিয়োগ করায় বেতন ভাতা খাতে ২৪.৩৬ লক্ষ টাকা সাশ্রয় হবে। অপরদিকে বাপার্ডের নতুন ভবনে ইন্টারনেট সংযোগ স্থাপন, আইসিটি মালামাল ক্রয়ের জন্য ইন্টারনেট/ফ্যাক্স টেলেক্স খাতে ৫.০০ লক্ষ টাকা, ২০২০-২১ অর্থবছরে এপিএ এর প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রশিক্ষণ খাতে ২৪.৪৮ লক্ষ টাকা, ১০ তলা হোস্টেল ভবন, বুনিয়াদী প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন, প্রশিক্ষণের নিমিত্ত ক্লাশরুম সজ্জিতকরণসহ অন্যান্য সামগ্রী ক্রয়ের নিমিত্ত অন্যান্য মনিহারী খাতে ৪.৪০ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করা হয়েছে, যা বাপার্ডের মূল বাজেট বরাদ্দের মধ্যে সমন্বয় করা হয়েছে।

১০। সভায় উল্লেখ করা হয় যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের জন্য ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ১৪১৮.৮৫ কোটি টাকা এবং অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন উন্নয়ন প্রকল্পসমূহের জন্য ১৬৮.৮৭ কোটি টাকা (৩.৫০ কোটি টাকা প্রকল্প সাহায্যসহ) বরাদ্দ রয়েছে। অর্থ বিভাগ কর্তৃক দেশের সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রাধিকার ক্রম নির্ধারণ করে নিম্ন অগ্রাধিকার সম্পন্ন প্রকল্পসমূহের অর্থ ছাড় আপাততঃ বন্ধ রাখা হয়েছে এবং মন্ত্রণালয়/বিভাগের মোট এডিপি বরাদ্দের জিওবি অংশের ২৫ শতাংশ হ্রাস করা হয়েছে। সংশোধিত বাজেট প্রাক্কলন পর্যালোচনায় দেখা যায় যে, এ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের জন্য ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সর্বমোট ১৬৪৭.৯০৪৮ কোটি টাকা অর্থাৎ এডিপি বরাদ্দের চেয়ে ৬০.১৮৪৮ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। আমার বাড়ি আমার খামার প্রকল্পটি জুন ২০২১ এ সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। এ প্রকল্পটির জন্য এডিপিতে মোট ১০২৫.৫০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। সংশোধিত এডিপিতে এ প্রকল্পটির জন্য ১২৪৩.৭৮২১ কোটি অর্থাৎ ২১৮.২৮২১ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। বেশ কয়েকটি প্রকল্প চলতি অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত থাকায় সংশোধিত এডিপিতে এ সকল প্রকল্পের জন্য প্রয়োজনীয় বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

১১। সভায় এ বিভাগের আওতাধীন অন্যান্য দপ্তর/সংস্থা/প্রকল্পসমূহের ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন যথাযথ মর্মে প্রতীয়মান হওয়ায় দপ্তর ও সংস্থাভিত্তিক নিম্নরূপভাবে সংশোধিত বরাদ্দের (পরিচালন ও উন্নয়ন) প্রস্তাব অনুমোদনের জন্য সুপারিশ করা হয়ঃ

(লক্ষ টাকায়)

ক্র: নং	বিভাগ/দপ্তর/সংস্থার নাম	২০২০-২১ অর্থবছরের মূল বরাদ্দ			সংশোধিত বাজেটে বাজেট ব্যবস্থাপনা কমিটির সুপারিশ		
		পরিচালন	উন্নয়ন	মোট	পরিচালন	উন্নয়ন	মোট
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	সচিবালয়	১৭৭৬.৪৬	১২৪৪৩৭.০০	১২৬২১৩.৪৬	১৭৭৬.৪৬	১২৮১১৭.৭১	১২৯৮৯৪.১৭
২	আন্তর্জাতিক প্রতিষ্ঠানের চাঁদা	৬৯.৫০	০.০০	৬৯.৫০	৬৯.৫০	০.০০	৬৯.৫০
৩	সমবায় অধিদপ্তর	২৮৬৩২.৮৩	৬১৭.০০	২৯২৪৯.৮৩	২৭৬৪৯.৮৬	৬৩২.৫০	২৮২৮২.৩৬
৪	বিআরডিবি	২৮২৪৫.৪৮	১০০৬৫.০০	৩৮৩১০.৪৮	২৮২৪৫.৪৮	১০৬৬৮.৭৭	৩৮৯১৪.২৫
৫	বার্ড,কুমিল্লা	২৯৫৬.৮৯	৭৮০৬.০০	১০৭৬২.৮৯	২৯৫৬.৮৯	১৬৯০.০০	৪৬৪৬.৮৯
৬	আরডিএ, বগুড়া	২৪৬৫.২০	২৪৪০.০০	৪৯০৫.২০	২৪৬৫.২০	১১২৮৯.৮১	১৩৭৫৫.০১
৭	বাপার্ড, গোপালগঞ্জ	৫৭০.০০	২৪৫.০০	৮১৫.০০	৫৭০.০০	১৮০০.০০	২৩৭০.০০
৮	সমবায় ফেডারেশন	৯৮.৬৪	০.০০	৯৮.৬৪	৯৮.৬৪	০.০০	৯৮.৬৪
৯	এসএফডিএফ	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
১০	পিডিবিএফ	০.০০	৫১৬১.০০	৫১৬১.০০	০.০০	৪৬৭৯.০০	৪৬৭৯.০০
১১	মিল্ক ভিটা লি:	০.০০	৮০০১.০০	৮০০১.০০	০.০০	৫৯১২.৬৯	৫৯১২.৬৯
সর্বমোট পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ		৬৪৮১৫.০০	১৫৮৭৭২.০০	২২৩৫৮৭.০০	৬৩৮৩২.০৩	১৬৪৭৯০.৪৮	২২৮৬২২.৫১
হ্রাস/বৃদ্ধির পরিমাণ					(-) ৯৮২.৯৭	(+) ৬০১৮.৪৮	(+) ৫০৩৫.৫১
হ্রাস/বৃদ্ধির হার					(-) ১.৫২%	(+) ৩.৭৯%	(+) ২.২৫%

১২। অত:পর সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার জন্য অনুচ্ছেদ ১১ এ বাজেট ব্যবস্থাপনা কমিটির সুপারিশ মোতাবেক ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) অনুমোদনের জন্য অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/উইংএ প্রেরণ করতে হবে;

খ) সভার আলোচনা ও নির্দেশনা মোতাবেক এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) চুড়ান্ত করে ০৩.০১.২০২১ তারিখের মধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করতে হবে;

গ) সভায় সুপারিশকৃত চলতি ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) অর্থ বিভাগের iBAS^{++} সিস্টেমে আগামী ০৫-০১-২০২১ তারিখের মধ্যে এন্ট্রির বিষয়টি নিশ্চিত করতে হবে;

ঘ) ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেটে মূল বরাদ্দের অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে অতিরিক্ত চাহিদার কারণ খাতভিত্তিক বিস্তারিত উল্লেখপূর্বক প্রস্তাবনা ০৩.০১.২০২১ তারিখের মধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করতে হবে;

ঙ) মহামান্য আদালতের নির্দেশনা অনুযায়ী পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় বাস্তবায়িত সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি-২য় পর্যায় (সিভিডিপি) প্রকল্পের জনবল সমবায় অধিদপ্তর এবং বার্ড, কুমিল্লায় নিয়োগ প্রদান করায় এ সকল জনবলের বেতন ভাতাদি রাজস্ব বাজেট হতে পরিশোধের ক্ষেত্রে অর্থ বিভাগের অনুমোদন গ্রহণের জন্য স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

চ) বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের দলিলপত্র (১৫ খন্ড) এ বিভাগ এবং বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের অফিসে বিতরণের নিমিত্ত চলতি ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেটে সচিবালয় অংশে বই-পুস্তক ক্রয় খাতে ৫২০.০০ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব অর্থ বিভাগে অনুষ্ঠিতব্য সংশোধিত বাজেট প্রাক্কলন পর্যালোচনা সভায় উপস্থাপন করতে হবে; এবং

ছ) সমবায় অধিদপ্তরের পরিচালন ব্যয় খাতে অর্থ উদ্বৃত্ত হওয়ার সম্ভাবনা থাকায় উক্ত উদ্বৃত্ত অর্থ হতে স্থানান্তরের মাধ্যমে বিআরডিবির অনাবাসিক ভবন নির্মাণ খাতে ৪০০.০০ লক্ষ টাকা রাখার বিষয়টি অর্থ বিভাগে অনুষ্ঠিতব্য ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন পর্যালোচনা সভায় উপস্থাপন করতে হবে।

১৩। অত:পর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩/১/২০২১

(মোঃ রেজাউল আহসান)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি

পরিশিষ্ট- ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাজেট শাখা-২

বিষয়: অদ্য ৩১.১২.২০২০ তারিখ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা।

ক্রঃ	নাম ও পদবী	দপ্তর/সংস্থার নাম	মোবাইল নম্বর	স্বাক্ষর
১।	মুহম্মদ মউদুদউর কাদির সরকার ব্যবস্থাপনা পরিচালক	পিডিবিএফ	০১৭৩৩৭৬২৬১২	৩১/১২/২০২০
২।	সুজিত কুমার কুণ্ডু মহাপরিচালক	বিআরডিবি	০১৮১৯১৮৩০৯০	৩১/১২/২০২০
৩।	অমর চান বনিক ব্যবস্থাপনা পরিচালক	মিশ্ক ভিটা	০১৭১১১০৪৩০৪	৩১-১২-২০২০
৪।	মো: শাহ মাহাবুব মহাপরিচালক	BARD	০১৭১৬-৮৭২১৩১	৩১/১২/২০২০
৫।	শেখ মো: মনিরুজ্জামান মহাপরিচালক	BAPARD	01711177072	৩১/১২/২০২০
৬।	মো: জিল্লুর রহমান যুগ্ম নিবন্ধক	সমবায় অধিদপ্তর	01716672435	৩১/১২/২০২০
৭।	মোহাম্মদ হেলাল উদ্দীন যুগ্ম নিবন্ধক	সমবায় অধিদপ্তর	01552481696	৩১/১২/২০২০
৮।	মো. রাশিদুল ইসলাম অতিরিক্ত সচিব	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	01712524644	৩১/১২/২০২০

ক্রঃ	নাম ও পদবী	দপ্তর/সংস্থার নাম	মোবাইল নম্বর	স্বাক্ষর
৯।	আকারচন্দ্র ঈশান [illegible]	JS RDCD	01731-545271	[signature] ৩১/১২/২০
১০।	মাহমুদা আক্তার সিনিয়র সহকারী সচিব	অর্থবিভাগ	01787778121	[signature] ৩১/১২/২০২০
১১।	শীলাব্রত কর্মকার সিনিয়র সহ: প্রধান	পরিকল্পনা কমিশন	01819478847	[signature] ৩১/১২/২০
১২।	মো: আবুল কালাম আজাদ উপ-মহাব্যবস্থাপক	এসএফডিএফ	01987703219	[signature] ৩১/১২/২০২০
১৩।	[illegible] হিসাব রক্ষণ কর্মকর্তা	পটসচিব	01731999245	[signature] ৩১/১২/২০
১৪।	মো: মাছুর রহমান	সি: সচিব	[illegible]	[signature] ৩১/১২/২০
১৫।	মুহিউদ্দিন আহমেদ পানু	PDBF	01711404675	[signature]
১৬।	নূরুন নাহার, উপসচিব	পটসচিব	[illegible]	[signature] ৩১.১২.২০২০
১৭।				
১৮।				